

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ওয়েবসাইটঃ www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১১-১২১৫

তারিখঃ ৩০/০৪/১৪২১ বঙ্গাব্দ
১৪/০৮/২০১৪ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৯/০১/২০১৪ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ -১৮০২/২০১৪/৩৩ নম্বর পত্রের সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ব্যক্তিগত কর্মকর্তা' এর রাজস্বখাতভূক্ত স্থায়ী পদে জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী টাঃ ৮০০০-৪৫০ X ৭-১১১৫০-ইবি-৪৯০ X ১১-১৬৫৪০/- বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	ঠিকানা	রেজিঃ নম্বর
১।	জনাব মোঃ তাইফুল ইসলাম	পিতা-মোঃ আমিরুল ইসলাম, গ্রাম-নিজতোলা, ডাকঘর-তোলা, থানা-হরিনাকুন্ড, জেলা-ঝিনাইদহ	রেজিঃ নং- ৫৫৯৫৩৭
২।	জনাব মোঃ আবু জাকের খান	পিতা- মোঃ সুরুজ খান, গ্রাম-পূর্ব ভাগলপুর, ডাকঘর-ভাগলপুর, থানা-বাজিতপুর, জেলা-কিশোরগঞ্জ	রেজিঃ নং- ৫০৭৬৬৬
৩।	জনাব মোঃ মহাসিন আলী	পিতা- মোঃ তৈয়ব আলী, গ্রাম-নতুন ভান্ডারদহ, ডাকঘর-সরোজগঞ্জ বাজার, উপজেলা-চুয়াডাঙ্গা সদর, জেলা-চুয়াডাঙ্গা	রেজিঃ নং- ৫৫৯৭২৪
৪।	জনাব মোঃ জাকির হোসেন	পিতা- মোঃ সেকান্দার, গ্রাম-শীলমুদ্র (পাটোয়ারী বাড়ি), ডাকঘর-বজরা, উপজেলা-সোনাইমুড়ি, জেলা-নোয়াখালী	রেজিঃ নং- ৫১৪৩৯৪
৫।	বেগম মারুফা জাহান	পিতা-মোঃ মতিউর রহমান, গ্রাম-গড়জরিপা, ডাকঘর- গড়জরিপা, উপজেলা-শ্রীবরদী, জেলা- শেরপুর	রেজিঃ নং- ৫৫৯৬৪২

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ, সরকার যেখানে যেমূর্ণ প্রয়োজন মনে করবে প্রেরণ করবেন তা গ্রহণ করতে হবে;

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) চাকুরিতে যোগদানের পর ২ (দুই) বছরের মধ্যে তাঁরা যদি ন্যায় সঙ্গত কারণ ছাড়া চাকুরিতে ইন্তফা দেন বা দিতে ইচ্ছুক হন, তবে তাঁদের প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুতোষিক হিসেবে প্রদত্ত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং তারা যদি সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে চাকুরিতে অনুপস্থিত থাকেন তবে তাঁদের নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারী গ্র্যান্ট, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায় করা হবে;

(৪) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৫) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

অপর পাতা দৃষ্টব্য

(৬) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(৭) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে পত্র জারির তারিখ হতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
১৪/০৮/২০১৪


(বাসুদেব গাংগুলী)
যুগ্মসচিব (প্রশাসন)

নং- ৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১১-১২১৫ /১ (২)

তারিখঃ ১৪/০৮/২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। জনাব/বেগম


(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd